

# সখীপুরে জিপিএ-৫ পেয়েছেন ৪২০ জন, পাশে হার ৮৮.২৯

প্রতিনিধি, সখীপুর (টাঙ্গাইল)

: মঙ্গলবার, ২৯ নভেম্বর ২০২২

টাঙ্গাইলের সখীপুর উপজেলা থেকে এ বছর এসএসসি তে ২হাজার ৬শত ২৭জন পরীক্ষার্থী অংশ গ্রহন করে পাশ করেছে ২ হাজার ৪শত ৩৫জন। জিপিএ-৫ পেয়েছে ৩৪৬জন। পাশের হার ৯০.৭৭। মাদ্রাসা বোর্ডে অধীনে এ উপজেলা থেকে ৬শত ১জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাশ করেছে ৫শত ৭জন। জিপিএ-৫ পেয়েছে ৯জন। পাশের হার ৮৪। কারিগরি বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) থেকে ২শত ২৬জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাশ করেছে ২০১জন। জিপিএ-৫ পেয়েছে ৬৫জন। পাশের হার ৯০.১২।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এসএসসি পরীক্ষায় সখীপুর পিএম পাইলট মডেল গভঃ স্কুল এন্ড কলেজ থেকে সর্বোচ্চ ৯৯জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। এছাড়াও বিএএফ শাহীন স্কুল এন্ড কলেজ থেকে ৭০জন, সখীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ৪১জন, সূর্যতরুণ শিক্ষাঙ্গন আবাসিক স্কুল এন্ড কলেজ ৪জন, নলুয়া বাছেদ খান উচ্চ বিদ্যালয় ৭জন, কালমেঘা ইলিমজান উচ্চ বিদ্যালয় ১জন, কালিয়ান উচ্চ বিদ্যালয় ৮জন, সুরিরচালা আবুল হামিদ চৌধুরী উচ্চ বিদ্যালয় ৮জন, এস এ উচ্চ বিদ্যালয় ৩জন, ঘোনারচালা উচ্চ বিদ্যালয় ১জন, কচুয়া পাবলিক উচ্চ বিদ্যালয় ১জন, কালিদাস কলিম উদ্দিন উচ্চ বিদ্যালয় ১৪জন, ইন্দারজানি পাবলিক উচ্চ বিদ্যালয় ৭জন, বড়চওনা উচ্চ বিদ্যালয় ১১জন, রতনপুর খোশবাহার উচ্চ বিদ্যালয় ২জন, কুতুবপুর রওশন উচ্চ বিদ্যালয় ৬জন, গোহাইলবাড়ী আ.গণি উচ্চ বিদ্যালয় ২জন, কে.জি.কে

উচ্চ বিদ্যালয় ৬জন, মহানন্দপুর বিজয় স্মৃতি উচ্চ বিদ্যালয় ২জন, নাকশালা জমির উদ্দিন উচ্চ বিদ্যালয় ২জন, তত্ত্বারচালা সবুজ বাংলা উচ্চ বিদ্যালয় ১জন, পাবলিক উচ্চ বিদ্যালয় ৪জন, মোন্তাজনগর আবাসিক বালিকা উচ্চ বিদ্যালয় ১২জন, কাহারতা উচ্চ বিদ্যালয় ১৪জন, জমশেরনগর ভি এস আই উচ্চ বিদ্যালয় ১২জন, তনতনিয়া ছেটচওনা উচ্চ বিদ্যালয় ৭জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে নামদারপুর ফাজিল মাদ্রাসা থেকে ৩জন, সখীপুর থানা সদর দাখিল মাদ্রাসা ১জন, সবুজ বাংলা বালিকা দাখিল মাদ্রাসা ১জন, কালিয়া ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা ১জন, দিঘীরচালা জামালিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা ১জন, মাহমুদনগর দুর্গাপুর দাখিল মাদ্রাসা ১জন, জিতাশ্বরী রাশিদিয়া দাখিল মাদ্রাসা থেকে ১জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন।

কারিগরি বোর্ডের অধীনে উপজেলার সানস্টার ইনসিটিউট অব টেকনিক্যাল এন্ড বি এম কলেজ থেকে ২২জন, হতেয়া এইচ. এইচ. ইউ উচ্চ বিদ্যালয়ের কারিগরি শাখা থেকে ৬জন, ভূয়াইদ ইন্সিটিউট এন্ড বি এম কলেজ থেকে ২২জন, সূর্যতরুণ শিক্ষাঙ্গন আবাসিক স্কুল এন্ড কলেজের কারিগরি শাখা থেকে ১৫জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. ঝিল্লুর রহমান বলেন, মহামারী করোনার ভয়াবহতা কাটিয়ে শিক্ষার্থীরা ভালো ফলাফল করছে। আমি এ উপজেলায় সম্প্রতি যোগদান করেছি। আগামীতে এ উপজেলা থেকে আরও ভালো ফলাফল করবে। সে লক্ষ্যে তিনি কাজ করছেন বলেও জানান।

# শীর্ষ সংবাদ

ওয়েলসকে ৩-০ গোলে হারিয়ে শেষ  
ঘোলতে ইংল্যান্ড

ইরানকে কাঁদিয়ে নক আউটে  
যুক্তরাষ্ট্র

টিভিতে আজকের খেলার সূচি

কাতারকে হারিয়ে নকআউট পর্বে  
উঠলো নেদারল্যান্ডস

ইকুয়েডরকে হারিয়ে বিশ্বকাপের  
দ্বিতীয় রাউন্ডে সেনেগাল

ডিএনসিসি মেয়রের সঙ্গে মার্কিন  
রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

ওয়াসার এমডি তাকসিম এ খান ১৩  
বছরে ৫ কোটি ৭৯ লাখ টাকা বেতন  
নিয়েছেন

সংকটকালে ১০ শতাংশ গ্যাস  
উৎপাদন বাড়ালো এসজিএফএল

আত্মবিশ্বাসী মেসিদের সামনে  
পোলিশরা

দলকে একসঙ্গে চালিয়ে নিতে  
একমত দেবর-ভাবি

বিএনপিকে ২৬ শর্তে  
সোহরাওয়ার্দীতে ১০ ডিসেম্বর  
গণসমাবেশের অনুমতি : ডিএমপি

মানসম্পন্ন সাংবাদিকতার চৰ্চা  
করলে সাংবাদিক জগলুলের প্রতি  
শ্রদ্ধা জানানো সার্থক হবে:  
পররাষ্ট্রমন্ত্রী

বিএনপি হামলা চালালে পাল্টা  
হামলা করা হবে : কাদের

চট্টগ্রামে প্রধানমন্ত্রীর জনসভার  
প্রস্তুতি, ১০ লাখ মানুষ সমাগমের  
লক্ষ্য

আকর্ষণীয় পর্যটনকেন্দ্র হিমছড়ি  
পাহাড়, ঝুঁকিপূর্ণ উঠা-নামার পথ

অপরাজিত থেকে পরের রাউন্ডে  
যেতে চায় ফ্রান্স

পর্তুগালের জয়ের ম্যাচে  
রোনালদোর গোল দাবি

ক্যাসেমিরোয় ভর করে শেষ ১৬তে  
ব্রাজিল

মেসিকে আটকানোর প্রস্তুতি  
পোলিসদের

ম্যাচ শেষে কোরিয়ান কোচকে লা